

## 🗏 আল-ক্নিয়ামাহ | Al-Qiyama | ٱلْقِيَامَة

আয়াতঃ ৭৫:৫

💵 আরবি মূল আয়াত:

## بَل يُرِيدُ الإنسَانُ لِيَفْجُرَ آمَامَهُ ﴿٥﴾

## 

বরং মানুষ চায় ভবিষ্যতেও পাপাচার করতে। — আল-বায়ান

কিন্তু মানুষ তার আগামী দিনগুলোতেও পাপাচার করতে চায়। — তাইসিকল

তবুও মানুষ তার সম্মুখে যা আছে তা অস্বীকার করতে চায়; — মুজিবুর রহমান

But man desires to continue in sin. — Sahih International

## ৫. বরং মানুষ তার ভবিষ্যতেও পাপাচার করতে চায়।(১)

(১) তারা যে কিয়ামত ও আখেরাতকে অস্বীকার করে তার মূল কারণ হলো, তারা চায় আজ পর্যন্ত তারা পৃথিবীতে যেরূপ লাগামহীন জীবন যাপন করে এসেছে ভবিষ্যতেও ঠিক তেমনি করতে পারে। আজ পর্যন্ত তারা যে ধরনের জুলুম-অত্যাচার, বেঈমানী, পাপাচার ও দুষ্কর্ম করে এসেছে। ভবিষ্যতেও তা করার অবাধ স্বাধীনতা যেন তাদের থাকে। এভাবে সে অসৎকাজ করতেই থাকে, সৎপথে ফিরে আসতে চায় না। [মুয়াস্সার, ফাতহুল কাদীর] কোন কোন মুফাসসির বলেন, আয়াতের উদ্দেশ্য হচ্ছে, "বরং সে তার সম্মুখস্থ বস্তু অর্থাৎ কিয়ামতকে মিথ্যাপ্রতিপন্ন করতে চায়।" কারণ, এর পরই বলা হয়েছে, "সে প্রশ্ন করে কখন কিয়ামত আসবে" এ তাফসীরটি ইবনে কাসীর প্রাধান্য দিয়েছেন।

তাফসীরে জাকারিয়া

- (৫) বরং মানুষ তার আগামীতেও পাপ করতে চায়; [1]
  - [1] অর্থাৎ, এই বিশ্বাসে পাপাচরণ এবং সত্যকে অস্বীকার করে যে, কিয়ামত আসবে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5556

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন